

আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

Website: www.bb.org.bd

ডিএফআইএম সাকুলার লেটার নং-১২

তারিখ : ২১ শ্রাবণ ১৪২৬
৫ আগস্ট ২০১৯

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,

কলমানি মার্কেট হতে ঋণ গ্রহণের সর্বোচ্চ সীমা পুনঃনির্ধারণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে অত্র বিভাগ কর্তৃক বিগত [২৯ জানুয়ারী ২০১৭ তারিখে জারিকৃত ডিএফআইএম সাকুলার নং-০১](#) এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

১. উক্ত সাকুলারের অনুচ্ছেদ নং-১ নিম্নোক্তভাবে প্রতিস্থাপন করা হলোঃ

"আর্থিক প্রতিষ্ঠানসমূহ ৩১ ডিসেম্বর তারিখের স্থিতিপত্রের ভিত্তিতে হিসাব বিবরণী প্রস্তুত করবে এবং এর ভিত্তিতে প্রতিষ্ঠানের ইকুয়িটি নির্ধারণ করবে। আগামী ০১ সেপ্টেম্বর ২০১৯ (৩১ ডিসেম্বর ২০১৮ তারিখ ভিত্তিক তথ্যের ভিত্তিতে) তারিখ হতে আর্থিক প্রতিষ্ঠানসমূহ তাদের নির্ণীত ইকুয়িটির সর্বোচ্চ ৪০% হারে কলমানি মার্কেট হতে ঋণ গ্রহণ করতে পারবে"।

২. এতদ্ব্যতীত ডিএফআইএম সাকুলার নং-০১/২০১৭ এর অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

আপনাদের বিশ্বস্ত,



(জয়শ্রী বাগচী)

উপ-মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০২৪৯